মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং-১৬২/ক/স্বী/৮৪ /১৫১১ তারিখ : ২৮/৯/১৭

বিষয় : স্বীকৃতি নবায়ন প্রসঙ্গে।

এতদ্বারা নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিম্নলিখিত শাখা ও বিষয় সমূহসহ টাংগাইল জেলার সদর উপজেলাধীন সরকারী এম এম আলী কলেজ এর অস্থায়ী স্বীকৃতির সময়সীমা ০১/০৭/২০১৫ তারিখ হতে ৩০/০৬/২০১৮ তারিখ পর্যন্ত মোট ০৩ (তিন) বছরের জন্য বৃদ্ধি করেছেন।

শাখাসমূহ :

১। মানবিক ২। ব্যবসায় শিক্ষা ৩। বিজ্ঞান

বিষয়সমূহ :

আবশ্যিক :
১। বাংলা
২। ইংরেজী
৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

মানবিক :
১। পৌরনীতি ও সুশাসন
২। অর্থনীতি
৩। ইসলাম শিক্ষা
৪। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি
৫। ইতিহাস
৬। সমাজকর্ম
৭। যুক্তি বিদ্যা
৮। কৃষি শিক্ষা

ব্যবসায় শিক্ষা :
১। হিসাববিজ্ঞান
২। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা
৩। ফিন্যান্স ব্যাংকিং ও বীমা

বিজ্ঞান :
১। পদার্থ বিজ্ঞান
২। রসায়ন
৩। জীব বিজ্ঞান
৪। উচ্চতর গণিত

শর্তসমূহ :

১। কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা বোর্ডের পূর্বানুমতি ছাড়া উঠানো যাবে না।

২। কলেজের দৈনন্দিন খরচ বহনের জন্য সাধারণ তহবিলে কমপক্ষে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা সব সময় জমা রাখতে হবে।

৩। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শা:৪/১০এম৫০/৮৩/৫৬০(১৫০০০)-শিক্ষা, তারিখ ১০ ই জুন, (১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাব রক্ষণ পদ্ধতি ''নির্দেশিকা'' অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে।

৪। প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং হালনাগাদ অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে

৫। কলেজের জন্য নিয়মিত গভর্নিং বডি গঠন করে যথাসময়ের মধ্যে গভর্নিং বডির সদস্যদের নামের তালিকা অনুমোদনের জন্য বোর্ডে পাঠাতে হবে (সভাপতির মাধ্যমে)।

৬। উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল আরও উন্নীত করতে হবে।

(অপর পাতায় দ্রষ্টব্য...২)

৭। উল্লেখ্য, প্রতি পঞ্জিকাবর্ষের প্রতি ০৩ (তিন) মাসে গভর্নিং বডির ন্যূনতম একটি সভা অনুষ্ঠানসহ প্রবিধানমালা, ২০০৯ এর অন্যান্য সকল শর্ত পূরণ নিশ্চিত করতে হবে।

৮। কলেজের পরবর্তী অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি প্রদানের বিষয়ে নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর বিবেচনা করা হবে :

(ক) উপরোক্ত শর্তগুলি পূরণ সংক্রান্ত রিপোর্ট

(খ) কলেজের কার্য পদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট

(গ) অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধির ফি বাবদ ৮,০০০/- (আট হাজার) টাকা সোনালী সেবার মাধ্যমে জমা দিতে হবে ।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বাঃ

প্রফেসর ড. মোঃ আশফাকুস সালেহীন
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

অধ্যক্ষ
সরকারী এম এম আলী কলেজ (EIIN-114744)
সদর, টাংগাইল।

মেমো নং- ১৫১১ তারিখ : ২১/৯/১৭

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল :

১। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২। জেলা প্রশাসক, টাংগাইল।
৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৫। অফিস কপি

২০/০৯/২০১৭

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।